

সামাজিক ন্যায় বিচার সংক্রান্ত গবেষণা কর্মসূচী

ট্রান্সলেইটিং (লিখিত অনুবাদ), ইন্টারপ্রিটিং (মৌখিক অনুবাদ) এবং ভাগত সহায়তা ব্যবস্থা: স্কটল্যান্ডের পাবলিক সার্ভিসগুলোতে (সরকারী প্রতিষ্ঠানগুলোতে) ভাষাগত সাহায্য ব্যবস্থা সম্পর্কে একটি পর্যালোচনা

2000 সালে স্কটিশ একজিকিউটিভ 'ট্রান্সলেইটিং, ইন্টারপ্রিটিং এণ্ড কমিউনিকেশন গ্রুপ' প্রতিষ্ঠা করেন। এই গ্রুপের কাজকে আরো এগিয়ে নেওয়ার লক্ষ্যকে সামনে রেখেই স্কটিশ একজিকিউটিভ এই গবেষণাটি সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন। গবেষণার উদ্দেশ্য হলো, বর্তমানে চালু রয়েছে এমন সার্ভিসগুলোর একটা চিত্র নীতি নির্ধারকদের সামনে তুলে ধরা এবং সার্ভিসগুলোর উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা নেওয়া দরকার, তার একটা আভাস প্রদান করা। এটির মূল্য লক্ষ্য হলো স্কটল্যান্ডের সরকারী বিভাগগুলোতে ট্রান্সলেইটিং, ইন্টারপ্রিটিং এণ্ড কমিউনিকেশন সাপোর্ট (টি.আই.সি.এস - TICS) ব্যবস্থা সম্পর্কে টি.আই.সি.এস (TICS) প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ এবং সরকারী প্রতিষ্ঠানগুলো বা পাবলিক সেক্টর বডি (পি.এস.বি - PSB)-গুলোর দৃষ্টিভঙ্গি ও মতামত যাচাই করে নেওয়া।

গবেষণাটি হেরিয়ট-ওয়াট ইউনিভার্সিটির 'সেন্টার ফর ট্রান্সলেশন এণ্ড ইন্টারপ্রিটিং স্টাডিজ ইন স্কটল্যান্ডে' সম্পন্ন করা হয়। গবেষণার দায়িত্বে ছিলেন ইসাবেল এ. পেরেজ এবং ক্রিস্টিন ডব্লিউ.এল.উইলস, এবং সহযোগিতায় ছিলেন ক্যাথারিন কিং ও সেলিন প্যাঞ্জনিয়া।

- গবেষণায় অংশগ্রহণকারী অনেকেই স্বীকার করেন যে, ভাষাগত সাহায্যের ব্যাপারে সমগ্র স্কটল্যান্ডেই সম্মিলিত চিন্তা-ভাবনার অভাব এবং অসাম্যতা বিরাজ করছে। তারা এবং টি.আই.সি.এস এর (ট্রান্সলেইটিং, ইন্টারপ্রিটিং এবং ভাষাগত সাহায্যের) ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর দ্বারা যৌথ নীতিমালা গ্রহণ এবং একে অন্যের মধ্যে তথ্য বিনিময়ের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।
- টি.আই.সি.এস এর বিভিন্ন সার্ভিসগুলোর মধ্যে ইন্টারপ্রিটিং সার্ভিসের উপর বেশি নজর প্রদান করা হয়েছে। ইন্টারপ্রিটিং এর জরুরী চাহিদা থাকার কারণে বরাদ্দকৃত সীমিত অর্থের সিংহ ভাগই এই সার্ভিস খাতে প্রদান করা হয়েছে। ট্রান্সলেশন (লিখিত অনুবাদ) এবং অন্যান্য ধরনের ভাষাগত সার্ভিসের ইন্টারপ্রিটিং সার্ভিসের মতো এতো জরুরী চাহিদা নেই। এর ফলে এগুলো ইন্টারপ্রিটিং সার্ভিসের সম পর্যায়ের আর্থিক সাহায্য অথবা পর্যাপ্ত সহায়তা লাভ করতে সমর্থ হয় নাই।
- নির্দিষ্ট কয়েক ধরনের সেবা গ্রাহকদের টি.আই.সি.এস এর চাহিদা সম্পর্কে পি.এস.বি-গুলোর মধ্যে সচেতনতার অভাব পরিলক্ষিত হয়, বিশেষ করে তাদের ক্ষেত্রে, যাদের একাধিক ভাষাগত সাহায্যের প্রয়োজন। মাঝেমাঝে আরো যাদের টি.আই.সি.এস বা ভাষাগত সাহায্যের প্রয়োজন হয়, তাদের সেবা গ্রাহকের পরিবার পরিজন অথবা কমিউনিটি উল্লেখযোগ্য।
- কিছু অনুবাদ অনুরোধ করলে পাঠানোর কথা প্রচার করা হয়। কিন্তু জনগণ কম অনুরোধ জানান কারণ কি কি তথ্যপত্র বা বইপুস্তকের অনুবাদ পাওয়া যাবে তা জনগণ জানেন না। অনুমান করা হচ্ছে যে, পি.এস.বি-গুলো যখন বিভিন্ন ধরনের কাগজপত্র অনুবাদ করে দেওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে, এবং সরকারী প্রতিষ্ঠানগুলোর সেবাগ্রাহকরা যখন এইসব কাগজপত্রের অনুবাদ পাওয়ার অধিকার সম্পর্কে আরো সচেতন হয়ে উঠবেন, তখন ট্রান্সলেশনের চাহিদা বাড়বে।
- পি.এস.বি-গুলোর কাছ থেকে জানা যায় যে, বর্তমানে চার পর্যায়ে ইন্টারপ্রিটিং ব্যবহার করা হয়। এগুলো হলো সামনাসামনি ইন্টারপ্রিটিং যা ট্রেইনিংপ্রাপ্ত ইন্টারপ্রিটারগণ প্রদান করেন, টেলিফোন ইন্টারপ্রিটিং, অফিসের কর্মচারীদের দ্বারা ইন্টারপ্রিটিং এবং সেবাগ্রাহকের পরিবার, বন্ধু-বান্ধব অথবা স্থানীয় কমিউনিটির লোক দিয়ে ইন্টারপ্রিটিং। অফিসের কর্মচারীগণ এবং সেবাগ্রাহকের পরিবার পরিজন, বন্ধু-বান্ধব অথবা কমিউনিটির লোকেরা পাশকরা বা ট্রেইনিংপ্রাপ্ত ইন্টারপ্রিটার নন। এদের এবং স্বেচ্ছাসেবকদের উপর নির্ভরতা এখনো অনেকটা লক্ষ্যনীয়, বিশেষ করে, দৃষ্টিশক্তিহীন সমস্যা সম্পন্ন লোকদের জন্য এই ধরনের ইন্টারপ্রিটার ব্যবহার করা হয়।
- নির্দিষ্ট কিছু ভাষার এবং বিশেষ বিশেষ এলাকায় বা বিভাগে ট্রেইনিংপ্রাপ্ত ইন্টারপ্রিটারদের সংখ্যা মারাত্মক ঘাটতি রয়েছে। অনেক সময় সেবাগ্রাহকের মাতৃভাষায় ইন্টারপ্রিটার পাওয়া কঠিন হয়ে দাঁড়ায়।
- অত্যন্ত নগন্য ব্যতিক্রম ছাড়া ইন্টারপ্রিটারদের যোগ্যতা, সামর্থ্য এবং ডিসক্লোজার স্কটল্যান্ড (Disclosure Scotland) যাচাইর কাজটি সব জায়গায় সমান ভাবে সম্পন্ন করা হয় না, অথবা কোনো কোনো স্থানে তা একেবারেই সম্পন্ন করা হয় না। পি.এস.বি-গুলো এসব কাজের জন্য টি.আই.সি.এস প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর উপর বিশ্বাস স্থাপন করে থাকে বলে মনে হয়।
- সরকারী খাতে অনেক সময় টি.আই.সি.এস ব্যবস্থাকে কম মর্যাদা প্রদান করা হয় এবং পেশাগত পদোন্নতির সম্ভাবনা থাকে না। অন্যদিকে কাজের পরিবেশ খারাপ থাকে। কোনো ভাতা পরিশোধ করা হয় না এবং চাকরির স্থায়ীত্বের নিশ্চয়তা (জব সিকিউরিটি) নেই বললেই চলে। অনেক সার্ভিসই স্বেচ্ছাবেকরা প্রদান করেন অথবা অপরিকল্পিত ভিত্তিতে প্রদান করা হয়।
- নতুন প্রযুক্তি ভিত্তিক সমাধান, যেমন কম্পিউটারের সাহায্যে অনুবাদ, টেলিফোন এবং ভিডিও ইন্টারপ্রিটিং, এবং কাজের বিকল্প পদ্ধতি, যেমন 'রিলে ইন্টারপ্রিটিং' সম্পর্কে যথেষ্ট গবেষণা করা হয়নি অথবা মান নিয়ন্ত্রণ করা হয়নি।

টি.আই.সি.এস প্রদানকারীগণ

ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজ (বি.এস.এল - BSL) প্রদানকারীদের থেকে মৌখিক ভাষায় বা স্পোকেন ল্যাংগুয়েজে (এস.এল - SL) ভাষাগত সাহায্য প্রদানকারীদের মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে কাজ করার বেশি প্রবণতা লক্ষ্য করা যায় এবং অন্যান্য ভাষাগত সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানগুলো তুলনামূলক ভাবে অনেকটা স্বেচ্ছাসেবকদের উপর নির্ভরশীল থাকে।

প্রধানত ফ্রিল্যান্স (সেশন্যাল) ইন্টারপ্রিটার বা ট্রান্সলেটরগণ টি.আই.সি.এস সার্ভিস প্রদান করেন। এরা বিভাগীয় কর্মচারী নন। তবে ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজ ইন্টারপ্রিটারদের ক্ষেত্রে ব্যতিক্রম পরিলক্ষিত হয়। সরকারী বিভাগগুলোতে স্পোকেন ল্যাংগুয়েজ (এস - ??) ইন্টারপ্রিটারদের ট্রেইনিং কিংবা পদোন্নতির সুযোগ খুবই কম। অধিকতর বিরল বা কম পরিচিতি ভাষাগুলোর জন্য অনেক সময় একেবাইরেই কোনো ট্রেইনিং এর ব্যবস্থা নেই। সার্বিক ভাবে ট্রেইনিং এর সাজ-সরঞ্জাম এবং অর্থের অভাব রয়েছে।

টি.আই.সি.এস প্রদানকারী প্রতিষ্ঠানগুলো ইন্টারপ্রিটার ও ট্রান্সলেটরদের বিশেষ করে ইন্টারপ্রিটারদের সংখ্যা প্রদান করেছেন, সেই সংখ্যা থেকে আসল সংখ্যা অনেক কম। তালিকায় (রেজিস্টারে) যাদের নাম রয়েছে, তাদের সবাই বর্তমানে কাজ করেন না, এবং একই ইন্টারপ্রিটারের নাম অনেক এজেন্সির সাথে রেজিস্টারে রয়েছে। বর্তমানে ইন্টারপ্রিটারদের অভাব থাকার কারণে প্রতিষ্ঠানগুলো বি.এস.এল ইন্টারপ্রিটারদের ফুল-টাইম পদগুলো পূরণ করতে পারছে না। বিশেষ কয়েকটি ভাষার পুরুষ এবং মহিলা ইন্টারপ্রিটারদের সংখ্যাও অত্যন্ত কম। এর ফলে উপযুক্ত ভাষার ইন্টারপ্রিটার মিলানো কঠিন হয়ে দাঁড়ায়, এবং কখনো কখনো চাহিদা খুব বেশি দেখা দিলে টি.আই.সি.এস সার্ভিস প্রদানে বিঘ্ন ঘটে। এই অভাবের কারণে ইন্টারপ্রিটারদের কাজ মূল্যায়নের জন্য বা ট্রেইনিং প্রদানের জন্য ইন্টারপ্রিটার পাওয়া যায় না।

বর্তমানে সামনাসামনি এবং টেলিফোন ইন্টারপ্রিটিং এর উপর জোর দেওয়া হলেও লিখিত অনুবাদের চাহিদাও বাড়বে বলে আশা করা হচ্ছে। অনুমান করা হচ্ছে যে, ভাষাগত সহায়তা দানকারী প্রতিষ্ঠানের সংখ্যাও বাড়বে।

পরামর্শ লাভের এবং বিশেষ বিশেষ ভাষার ইন্টারপ্রিটার বের করা অথবা ভাষাগত সার্ভিস লাভের সূত্র বের করার জন্য পি.এস.বি-গুলো প্রায়ই টি.আই.সি.এস প্রদানকারীদের শরণাপন্ন হয়ে থাকে। ভাষাগত চাহিদা দ্রুত বেড়েই চলছে এবং নতুন নতুন ভাষায় ইন্টারপ্রিটিং ও অনুবাদের চাহিদাও বাড়ছে। আর তা থেকেই অনেক সময় আন্তর্জাতিক ঘটনাবলী এবং রাজনৈতিক সিদ্ধান্তের প্রতিফলন ঘটে। টি.আই.সি.এস প্রদানকারী প্রায় 64% এজেন্সি 1990 এর দশক থেকে ব্যবসা শুরু করেছে এবং এর সাথে ডিজিটাল ডিসক্রিমিনেশন অ্যাক্ট (ডি.ডি.এ - DDA) এবং রেইস রিলেশন্স (এমেওমেন্ট) অ্যাক্ট (আর.আর.এ.এ - RRAA) এর সাথে সম্পর্ক রয়েছে বলে মনে হয়।

স্কটল্যান্ডের সর্বত্র বি.এস.এল বা ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজে টি.আই.সি.এস সার্ভিস এর ব্যবস্থা অধিকতর অনেক বেশি। বি.এস.এল ইন্টারপ্রিটারগণ অনেক দূর যেয়ে কাজ করতে রাজি থাকেন। সার্বিক ভাবে বি.এস.এল ইন্টারপ্রিটারদের জন্য তুলনামূলক ভাবে সুসংগঠিত এবং শক্ত কাঠামো রয়েছে এবং তাতে স্কটিশ এসোসিয়েশন অব সাইন ল্যাংগুয়েজ ইন্টারপ্রিটার্স (এস.এ.এস.এল.আই - SASLI) সহায়তা করছে। অনেকে এটিকে স্কটল্যান্ডের জন্য একটি উদাহরণ হিসাবে গ্রহণ করার সুপারিশ করেছেন।

মতামত প্রদানকারীরা স্কটল্যান্ডে ভাষাগত নীতিমালার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করছেন। টি.আই.সি.এস উন্নত করার ব্যাপারে তাদের সুপারিশগুলোর মধ্যে রয়েছে:

- ইন্টারপ্রিটারদেরকে ট্রেইনিং প্রদান করা, বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলগুলোর ইন্টারপ্রিটারদেরকে, এবং পি.এস.বি এর কর্মচারীদেরকেও ট্রেইনিং প্রদান করা, যা আইন অথবা স্বাস্থ্য বিষয়ে ট্রেইনিং প্রদানের অংশ হিসাবে প্রদান করা যেতে পারে।
- সরকারী সার্ভিস গ্রহণকারীদেরকে বিভিন্ন ধরনের সার্ভিস ব্যবস্থা সম্পর্কে জানানো এবং তা বিনামূল্যে পাওয়ার অধিকার সম্পর্কে সচেতন করে তোলা।
- ট্রেইনিংপ্রাপ্ত নন অথবা লাইসেন্স প্রাপ্ত নন এমন ইন্টারপ্রিটারদেরকে ব্যবহার করার বিষয়টির সুরাহা করা।
- পাবলিক সার্ভিস ইন্টারপ্রিটিং এবং ট্রান্সলেশনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ পেশা হিসাবে স্বীকৃতি দান করা এবং তাতে সহায়তা করা
- ইন্টারপ্রিটারের সাহায্যে সেবাগ্রাহকদের সাথে ইন্টারভিউগুলো রেকর্ড করে নিয়ে ইন্টারপ্রিটারদের কাজের মান ও যোগ্যতা বৃদ্ধি করা।
- ভাষাগত সাহায্য প্রদানের গুরুত্বপূর্ণ কাঠামো গড়ে তোলার জন্য, টি.আই.সি.এস ব্যবস্থা উন্নত করা এবং টি.আই.সি.এস প্রদানকারীদের মৌলিক ফি বাড়ানোর জন্য অর্থায়ন বৃদ্ধি করা।

পাবলিক সেক্টর বডিজ

কোনো সেবাগ্রাহকের ভাষা অথবা আঞ্চলিক ভাষা কি, তা জেনে নেওয়ার জন্য পি.এস.বি-গুলো টি.আই.সি.এস প্রদানকারীদের উপর নির্ভর করে। তুলনামূলক ভাবে বিরল কিছু ভাষায় এবং বিদেশী সাইন ল্যাংগুয়েজে সেবা প্রদানের অনুরোধ দিনে দিনে বাড়ছে। নানা ভাষায় সেবা প্রদান ব্যবস্থা সম্প্রসারিত করা এবং তা ব্যবস্থাপনার জন্য পি.এস.বি-গুলোকে সাহায্য করা প্রয়োজন। তারা একই স্থান থেকে মৌখিক ইন্টারপ্রিটিং, সাইন ল্যাংগুয়েজ এবং ভাষাগত অন্যান্য সাহায্যকারীদের বিস্তারিত পেতে চান, বর্তমানের মতো ভিন্ন ভিন্ন স্থান থেকে নয়।

টেলিফোন ইন্টারপ্রিটিং ব্যবস্থাকে অনেক সময় প্রথম রীতিসিদ্ধ ইন্টারপ্রিটিং হিসাবে দেখা হয়। স্থানীয় ভাবে কোনো ভাষার ইন্টারপ্রিটার না পাওয়া গেলে এবং হঠাৎ অথবা জরুরী ভিত্তিতে ইন্টারপ্রিটিং এর প্রয়োজন দেখা দিলে টেলিফোন ইন্টারপ্রিটিং ব্যবহার করা হয়। সব টেলিফোন ইন্টারপ্রিটারই স্কটল্যান্ডে বাইরে অবস্থান করছেন। এসব ইন্টারপ্রিটারদের ট্রেইনিং এর ব্যাপারে কিছু উদ্বেগ রয়েছে। কারণ স্কটল্যান্ডের আইন, শিক্ষা অথবা স্থানীয় সরকার পদ্ধতির জন্য তাদের গৃহীত ট্রেইনিং উপযুক্ত ও পর্যাপ্ত নাও হতে পারে।

তিডিও ইন্টারপ্রিটিং সাইন ল্যাংগুয়েজের ক্ষেত্রে টেলিফোন ইন্টারপ্রিটিং এর মর্যাদা লাভ করার সম্ভাবনা রয়েছে। তা'ছাড়া, এটির মাধ্যমে কথ্য ভাষায় ইন্টারপ্রিটিং আরো উন্নত হতে পারে কারণ ভিডিওর ছবি বা দৃশ্য কথাবার্তা বুঝতে বিশেষ ভাবে সাহায্য করবে। সামনাসামনি ইন্টারপ্রিটিং এর তুলনায় দূর থেকে ইন্টারপ্রিটিং করার ফলাফল ভালভাবে গবেষণা করে দেখা প্রয়োজন।

পি.এস.বি-গুলো স্বীকার করেছে যে, অনুবাদ সেবা প্রদান করার সাথে আর্থিক খরচ জড়িত রয়েছে এবং কিছু ক্ষেত্রে ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত তথ্যাদি বিনিময়ের সাথে নীতিমালা প্রণয়ন জড়িত রয়েছে। তা'ছাড়া, অনুবাদকৃত কাগজপত্রের একটি কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠারও তারা সুপারিশ করেছেন। সাইন ল্যাংগুয়েজের জন্য অথবা লিখিত রূপ নেই এমন ভাষার লোকদের কিংবা নিরক্ষর লোকদের জন্য অনুবাদকৃত তথ্যাদি অডিও, ভিডিও অথবা ডিভিডিও তৈরির প্রয়োজন হতে পারে। ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় দাখিলকৃত কাগজপত্র, যেগুলো অবশ্যই অনুবাদ করে নিতে হবে, গ্রহণ করার ক্ষেত্রে পি.এস.বি-গুলোর অবস্থানও পি.সি.বি-গুলোকে বিবেচনা করতে হবে।

টি.আই.সি.এস এর ভাষাগত সহায়তার দিকটি প্রায় সম্পূর্ণরূপে অবহেলিত হচ্ছে। নিরক্ষর এবং দৃষ্টিশক্তিহীন সমস্যা সম্পন্ন লোকদের ব্যাপারে কিছুটা দৃষ্টি প্রদান করা হয়েছে, তবে পি.এস.বি.-গুলোর মধ্য অন্ধ-বধির লোকদের চাহিদার প্রতি সামান্যই সচেতনতা রয়েছে।

পরিবারের লোক এবং বন্ধু-বান্ধবরা অথবা অফিসের কর্মচারীরা ইন্টারপ্রিটিং-এ উল্লেখযোগ্য সাহায্য করে থাকেন। যেহেতু এদের সাহায্য রেকর্ড করা হয় না সেহেতু ইন্টারপ্রিটিং এর সত্যিকার চাহিদা নির্ণয় করা সহজ নয়। পি.এস.বি.-গুলো ক্রম বর্ধমান হারে অনুধাবন করে নিচ্ছে যে, পরিবারের লোক, বন্ধু-বান্ধব কিংবা অফিসের কর্মচারীদের কাছ থেকে ইন্টারপ্রিটিং-এ সাহায্য নেওয়া ঠিক নয়। এদের ভাষাগত সাহায্য এবং ইন্টারপ্রিটিং এর দক্ষতার মান খারাপ হতে পারে এবং সেবাগ্রাহকদের গোপনীয় বিষয় প্রকাশ পেয়ে যেতে এবং নিরপেক্ষতা নাও বজায় থাকতে পারে। যদি ইন্টারপ্রিটিং-এ এদের সাহায্য নেওয়ার বর্তমান ব্যবস্থা চালু রাখতেই হয়, তাহলে তা অবশ্যই সঠিক ভাবে ব্যবস্থাপনা করতে হবে এবং পথ-নির্দেশনা প্রদান করতে হবে। যদি দেখা যায় যে, সেবাগ্রাহকের এমন কোনো ভাষায় সাহায্য দরকার, যে ভাষাটির পরিচিতি খুব কম বা ইন্টারপ্রিটার পাওয়া খুব কঠিন অথবা সেবাগ্রাহক যদি সম্প্রতি স্কটল্যান্ডে এসে থাকেন, তাহলে কেবলমাত্র সেইক্ষেত্রেই পরিবার, বন্ধুবান্ধব বা অফিসের কর্মচারীদের সাহায্য নেওয়া যেতে পারে, তবে এর জন্য সঠিক নীতিমালা থাকতে হবে।

টি.আই.সি.এস প্রদানকারীদের কি কি শিক্ষাগত যোগ্যতা অথবা ট্রেইনিং থাকতে পারে সে সম্পর্কে পি.এস.বি.-গুলোর মধ্যে খুব কমই সচেতনতা রয়েছে। তবে তাদের মধ্যে অনেকেই যারা বি.এস.এল/ইংলিশ ইন্টারপ্রিটার ব্যবহার করেন, তারা চান ইন্টারপ্রিটারদেরকে এস.এ.এস.এল.আই (SASLI) এর সাথে রেজিস্টারভুক্ত হতে

হবে। একটি সাধারণ নিয়ম হিসাবে, নগন্য ব্যতিক্রম বাদে, পি.এস.বি.-গুলো টি.আই.সি.এস প্রদানকারীদের শিক্ষাগত যোগ্যতা এবং মান নিয়ন্ত্রণ সহ 'ডিসক্রিজার স্কটল্যান্ড' যাচাই করার জন্য টি.আই.সি.এস প্রদানকারী এজেন্সিগুলোর উপর নির্ভর করেন।

পাবলিক সার্ভিসগুলোর একে অপরের মধ্যে তথ্য, অভিজ্ঞতা, সমস্যা এবং সমাধান, ইত্যাদি বিনিময় ও আদানপ্রদানের পরামর্শ প্রদান করে পি.এস.বি.-গুলো বেশ কয়েকটি সুপারিশ প্রদান করেছেন। তাদের বিশেষ বিশেষ সুপারিশগুলো হলো:

- স্থানীয় ভাবে ইন্টারপ্রিটারদের সংখ্যা বাড়ানো, এবং অপরিচিত ভাষাগুলোর ইন্টারপ্রিটার বের করার সূত্র সংখ্যা বৃদ্ধি করা
- স্বীকৃত শিক্ষাগত যোগ্যতা লাভের জন্য ইন্টারপ্রিটারদের জন্য ট্রেইনিং প্রদান করা ও তাতে অর্থায়ন করা, বিশেষ বিশেষ বিষয়ে পারদর্শী ইন্টারপ্রিটার হওয়ার মানদণ্ড নির্দিষ্ট করে নেওয়া
- স্কটল্যান্ডে অনুমোদিত ইন্টারপ্রিটার বা ট্রান্সলেটরদের একটি জাতীয় তালিকা প্রতিষ্ঠা করা এবং সার্বজনীন ফি কাঠামো নির্ধারণ করা
- পরামর্শ এবং তথ্য লাভের একটি কেন্দ্রীয় স্থান তৈরি করে নেওয়া এবং একই জায়গা থেকে সব ধরনের টি.আই.সি.এস চাহিদার ব্যাপারে সাহায্য সহায়তা প্রদানের ব্যবস্থা করা
- পি.এস.বি.-গুলো এবং টি.আই.সি.এস প্রদানকারীদের মধ্যে তথ্য বিনিময় সহজ করে তোলার জন্য কম্পিউটার সিস্টেম ব্যবহার করা।

সারাংশ: মৌলিক সুযোগসমূহ এবং সুপারিশমালা

- সমগ্র স্কটল্যান্ডের জন্য ভাষাগত নীতিমালা গ্রহণের প্রয়োজন, প্রয়োজন টি.আই.সি.এস সংক্রান্ত সুস্পষ্ট নীতিমালার এবং পি.এস.বি.-গুলো ও বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে তথ্য বিনিময়ের।
- ভাষাগত সাহায্য সহায়তার চাহিদা সম্পর্কে ভালভাবে জেনে সেই অনুযায়ী স্কটল্যান্ড ভিত্তিক নীতিমালা প্রণয়নের প্রয়োজন। চাহিদা এবং ইন্টারপ্রিটার ও ট্রান্সলেটরদের যোগান সম্পর্কিত সুবিন্যস্ত উপাত্ত সংগ্রহ করলে তা সার্ভিসের উন্নয়নে ও পদ্ধতিগত পরিবর্তন আনয়নে সাহায্য করবে। তা'ছাড়া গৃহীত ব্যবস্থার কার্যকারিতা এবং অপূরণকৃত চাহিদা চিহ্নিতকরণেও তা সাহায্য করতে পারবে।
- টি.আই.সি.এস প্রদানকারী এবং পি.এস.বি.-গুলোর সহযোগিতার মাধ্যমে কাজ করে যাওয়া প্রয়োজন এবং সেবা-গ্রাহকদের মতামত নিয়ে সার্ভিসে পরিবর্তন এবং উন্নয়ন আনা প্রয়োজন। অতি প্রয়োজনীয় তত্ত্বগত সাহায্য লাভের জন্য বিতর্কে ট্রেইনিং প্রদানকারী এবং গবেষকদেরকেও অবশ্যই শরীক করতে হবে।
- বি.এস.এল/ইংলিশ ব্যবস্থাকে সর্ব দিক দিয়েই, যেমন ইন্টারপ্রিটারদের শিক্ষাগত যোগ্যতা, মান নিয়ন্ত্রণ, পেশাগত কাঠামো, সমগ্র স্কটল্যান্ডে তাদের প্রাপ্যতা এবং সপ্তাহের 7 দিন ও 24 ঘণ্টা তাদেরকে পাওয়া যাওয়া, ইত্যাদি দিক দিয়ে একটি উন্নত মানের উদাহরণ হিসাবে নেওয়া প্রয়োজন। সব টি.আই.সি.এস প্রদানকারীকে একই ধরনের পদ্ধতি অবলম্বন করা প্রয়োজন।
- অনেক সহযোগী প্রতিষ্ঠান বি.এস.এল/ইংলিশ ইন্টারপ্রিটিং এর ন্যায় পাবলিক সার্ভিস ইন্টারপ্রিটার এবং ট্রান্সলেটরদের জন্য একটি স্কটিশ সার্টিফিক্যাট প্রদান অথবা রেজিস্ট্রেশনকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠার সুপারিশ করেছেন। পেশাজীবীদের এই প্রতিষ্ঠানটি একটি রেজিস্টার পরিচালনা করতে পারে, তথ্য এবং বিভিন্ন সামগ্রীর কেন্দ্রস্থল হিসাবে কাজ করতে পারে, অনুবাদকৃত কাগজপত্রের এবং মূল্যায়নকৃত এজেন্সিগুলোর একটি ব্যাংক হিসাবে কাজ করতে পারে। ভাষাগত অন্যান্য সহায়তা ব্যবস্থাও এই প্রতিষ্ঠানের আওতায় আনা যেতে পারে।
- ট্রান্সলেটর এবং ইন্টারপ্রিটারদের ট্রেইনিং দানের জন্য অর্থায়নের প্রয়োজন রয়েছে। মৌলিক ট্রেইনিং, নির্দিষ্ট কোনো বিষয়ে (যেমন আইন বিভাগ, মানসিক স্বাস্থ্য, ইত্যাদিতে) বিশেষজ্ঞ হওয়ার জন্য ট্রেইনিং এবং পেশাগত দক্ষতা (যেমন কানে কানে ইন্টারপ্রিটিং করা), ইত্যাদি বিষয় ট্রেইনিং এর অন্তর্ভুক্ত রাখা প্রয়োজন। ট্রেইনিংপ্রাপ্ত ট্রান্সলেটর এবং ইন্টারপ্রিটারদেরকে বিশেষ ভাবে সরকারী বিভাগগুলোতে কাজ করার ক্ষেত্রে পূর্ণট্রেইনিং প্রদান করা প্রয়োজন।
- পি.এস.বি.-গুলোর সামনের কাতারের কর্মচারীদের ট্রেইনিং প্রদানের সময় তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের টি.আই.সি.এস সংক্রান্ত নীতিমালা ও কার্যপদ্ধতি সম্পর্কে ট্রেইনিং প্রদান করা প্রয়োজন এবং এর সাথে সাথে টি.আই.সি.এস এর প্রয়োজন হয় এমন সব ভাষাগত সাহায্য সহায়তার ব্যবস্থাপনা সম্পর্কেও ট্রেইনিং প্রদান করা প্রয়োজন।
- সরকারী খাতে ইন্টারপ্রিটিং এবং ট্রান্সলেইটিং এর মর্যাদা এবং গুরুত্ব বাড়াতে হবে, এবং এই ধরনের পেশার পথে বাধাবিপত্তি এবং অধিক মর্যাদাপ্রাপ্ত কনফারেন্স ইন্টারপ্রিটিং ব্যবস্থা পর্যালোচনা করে দেখার প্রয়োজন।
- সরকারী সেবা ব্যবহারকারীদেরকে বিনামূল্যে টি.আই.সি.এস সাহায্য পাওয়ার অধিকার সম্পর্কে সচেতন করে তোলা প্রয়োজন এবং পাশকরা ও ট্রেইনিংপ্রাপ্ত ইন্টারপ্রিটার ব্যবহারের উপকারিতা সম্পর্কে তাদেরকে বুঝিয়ে বলা প্রয়োজন।

এই গবেষণা সম্পর্কে

ইংরেজি ছাড়া অন্যান্য ভাষাভাষী লোকদের এবং বধির ও বধির-অন্ধ লোকদের জন্য টি.আই.সি.এস সহায়তা প্রদান ব্যবস্থা তদন্ত করে দেখা হয়।

স্কটল্যান্ডের অভ্যন্তরস্থ টি.আই.সি.এস প্রদানকারী এবং স্কটল্যান্ডের বাইরের প্রতিষ্ঠানগুলো স্কটল্যান্ডে উল্লেখযোগ্য পরিমাণের সার্ভিস প্রদান করে থাকলে তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। তা'ছাড়া স্কটল্যান্ডের সিটি (নগর), শহরে এবং গ্রামীণ এলাকার পি.এস.বি-গুলোর কাছ থেকে এবং বিভিন্ন বিভাগ যেমন আইন বিভাগ, স্বাস্থ্য বিভাগ, সোশ্যাল সার্ভিসেস বিভাগ, হাউজিং বিভাগ, চাকুরী বিভাগ, শিক্ষা বিভাগ এবং লোক্যাল অথোরিটিগুলোর বিভিন্ন বিভাগের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়।

2004 সালের ফেব্রুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত তথ্য (উপাত্ত) সংগ্রহ করা হয়।

এই গবেষণার ফলাফলের আরো কপি চাইলে অথবা 'সামাজিক গবেষণা' সম্পর্কে কোনো কিছু জানতে চাইলে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করবেন। যোগাযোগের ঠিকানা হলো:

Scottish Executive Social Research

1-F (Dockside)

Victoria Quay

EDINBURGH

EH6 6QQ

টেলিফোন: 0131 244-7565

ফ্যাক্স: 0131 244-7573

ইমেইল: socialresearch@scotland.gsi.gov.uk

ওয়েবসাইট: www.scotland.gov.uk/socialresearch

গবেষণায় প্রাপ্ত সব বিষয়ের সারাংশ তুলে ধরে তৈরিকৃত "ট্রান্সলেইটিং, ইন্টারপ্রিটিং এণ্ড কমিউনিকেশন সাপোর্ট: এ রিভিউ অব প্রোভিশন ইন দি পাবলিক সার্ভিসেস ইন স্কটল্যান্ড (লিখিত অনুবাদ, মৌখিক অনুবাদ এবং যোগাযোগ সহায়তা: স্কটল্যান্ডের সরকারী প্রতিষ্ঠানগুলোতে এগুলোর সুযোগ সুবিধার পর্যালোচনা)" নামের রিপোর্টের আরো কপি চাইলে অনুগ্রহ করে নিচের ঠিকানায় Blackwell's Bookshop এর নামে £5 এর একটি চেক পাঠাবেন। চেক পাঠাবার ঠিকানা হলো:

Blackwell's Bookshop

53 South Bridge

Edinburgh EH1 1YS

টেলিফোন: 0131 622 8283 / 0131 622 8258

ফ্যাক্স: 0131 622 8258

ইমেইল: business.edinburgh@blackwell.co.uk

এই পর্যালোচনা (এবং অন্যান্য গবেষণায় প্রাপ্ত ফলাফল ও রিপোর্ট) এবং স্কটিশ একজিকিউটিভের সামাজিক গবেষণা সম্পর্কিত তথ্যাদি নিচের ওয়েবসাইটে পাওয়া যাবে: <http://www.scotland.gov.uk/socialresearch>

এই ওয়েবসাইটে স্কটিশ একজিকিউটিভের পক্ষ থেকে সম্পন্নকৃত ও প্রকাশিত সামাজিক ও নীতিমালা সংক্রান্ত গবেষণা সম্পর্কে সমসাময়িক তথ্য রয়েছে। বিভিন্ন বিষয়ের মধ্যে রয়েছে পরিবহন, হাউজিং (ঘরবাড়ি), সামাজিক অন্তর্ভুক্তি, গ্রামীণ বিষয়াদি, বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়ে, শিক্ষা, সোশ্যাল ওয়ার্ক (সামাজিক কাজ), কমিউনিটি কেয়ার, স্থানীয় সরকার, সামাজিক ন্যায় বিচার, অপরাধ এবং ফৌজদারি ন্যায় বিচার, পুনর্বাসন, পরিকল্পনা এবং মহিলাদের সাথে জড়িত বিষয়াদি। স্কটিশ হাউজহোল্ড সার্ভে (স্কটল্যান্ডের পরিবারগুলোর উপর সম্পন্নকৃত জরিপ) এর তথ্যও এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

এই অনুবাদে মূল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্তু তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

ISBN 0-7559-2894-6



9 780755 928941